

# সিলেট বোর্ডে সেরাদের সেরা ৩ হাজার ১৯১

সংবাদ : প্রতিনিধি, সিলেট | ঢাকা, মঙ্গলবার, ০৮ মে ২০১৮

সিলেট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরের এসএসসি পরীক্ষায় পাসের হাঙ্গামের সূচক কিছুটা কমলেও এবার বেড়েছে জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা। এবছর জিপিএ-৫ পেয়েছে মোট ৩ হাজার ১৯১ জন শিক্ষার্থী। যা গতবারের তুলনায় ৫২৮টি বেশি। গতবার জিপিএ-৫ পায় ২ হাজার ৬৬৩ জন পরীক্ষার্থী। রোববার দুপুর ১২টায় বোর্ডের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কবির আহমেদ। জিপিএ-৫ প্রসঙ্গে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, ‘প্রায় প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তিবান্ধব পাঠদান চালু হয়েছে। এ কার্যক্রম আবার জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসগুলো নিয়মিত পর্যবেক্ষণ করছে।

এটি গুণগত শিক্ষা নিশ্চিত করছে। জিপিএ-৫ বাড়ার পেছনে এটি অন্যতম কারণ।’ ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে, এবার ১ লাখ ৮ হাজার ৯২৮ জন পরীক্ষার্থী অংশ নেয়।